

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ জুলাই ২০২২ খ্রি.

শ্রী শ্রীবড়মার ১২৯তম আবির্ভাব দিবসের আলোচনা সভায় মেয়র  
অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার লক্ষ্যে মুক্তিযুদ্ধ সংঘঠিত হয়েছিল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পশুর ঔরশে জন্মালে পশু হয়-মানুষের ঔরশে জন্মনিয়েও কেউ কেউ অমানুষ হয়ে যায়। সেই রকম অমানুষ হয়েছিল পাকিস্তানি শাসক গোষ্ঠী। ১৯৭১সালে তারা হায়নার রূপ ধারণ করেছিল বলে সারা বিশ্বে ঘৃণার পাত্র হয়েছিল। এই হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালির উপর হত্যায়ুক্ত চালিয়েছিলো বলে আমাদের মুক্তিযুদ্ধ করতে হয়েছে। আমরা দীর্ঘ নয় মাস হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ করে বিজয় অর্জন করে অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সক্ষম হয়েছি। এই বাংলাদেশে যেন কোন সাম্প্রদায়িক শক্তি মাথা ছড়া দিয়ে উঠতে না পারে সবাইকে সজাগ থাকতে হবে। তিনি আজ শনিবার সকালে সৎসঙ্গ সরণি বাকলিয়ায় পরমারাধ্য জগজ্জননী শ্রী শ্রীবড়মার ১২৯তম আবির্ভাব দিবস ও সৎসঙ্গ বিহার চট্টগ্রামের ১২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথর বক্তব্যে একথা বলেন।

মেয়র আরো বলেন, ধর্মচর্চা মানুষকে পরিশুদ্ধ করে এবং অন্যধর্মের মানুষের প্রতি সহনশীল হতে শেখায়। ধর্ম নৈতিক মূল্যবোধ সম্পন্ন নাগরিক তৈরী করতে সহায়তা করে।

তিমির কান্তি সেনের সভাপতিত্বে অন্যন্যের মধ্যে বক্তব্য রাখেন, সংরক্ষিত কাউন্সিলর রুমকি সেনগুপ্ত, লুৎফুল্লাহা দোভাষ বেবী, সুমন দাশ। আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর নুরুল মোস্তফা টিনু, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, পরিমল দত্ত প্রমুখ।

আলোচনা সভা শেষে মেয়র ফ্রি চিকিৎসা সেবা, বৃক্ষ রোপন কার্যক্রম ও পাঠশালা পরিদর্শনে অংশগ্রহণ করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩